

চট্টগ্রাম প্রকৌশল বিশ্ববিদ্যালয়ে ভর্তির নূতন শর্ত প্রসঙ্গে

১৯৮০-৮৪ শিক্ষাবর্ষে বাংলা-
দেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়, ঢাকা-
সহ রাজশাহী, চট্টগ্রাম ও খুলনা
প্রকৌশল মহাবিদ্যালয়ে ভর্তি
পরীক্ষার জন্য আবেদনপত্র গ্রহণ
করা হইতেছে। প্রার্থীর শিক্ষা-
গত যোগ্যতা সম্পর্কে বিশেষতঃ
উচ্চমাধ্যমিক পরীক্ষার ফলাফল
প্রসঙ্গে বাংলাদেশ প্রকৌশল
বিশ্ববিদ্যালয়, ঢাকা এবং খুলনা
ও রাজশাহী প্রকৌশল মহাবিদ্যা-
লয়সহ একই শর্ত আরোপ করিয়া
ছেন। কিন্তু একই মন্ত্রণালয়ের
অধীনে হওয়া সত্ত্বেও চট্টগ্রাম
প্রকৌশল মহাবিদ্যালয় এবারেরই
প্রথমবারের মত নূতন শর্ত আরোপ
করিয়াছেন যাহা প্রকৌশল বিশ্ব-
বিদ্যালয়, ঢাকা এবং রাজশাহী
ও খুলনা প্রকৌশল বিশ্ববিদ্যালয়
আরোপিত নিয়ম হইতে ভিন্নতর।

চট্টগ্রাম প্রকৌশল মহাবিদ্যা-
লয় আরোপিত শর্ত মোতাবেক
প্রার্থীকে ১৯৮০ সনের উচ্চ মাধ্য-
মিক পরীক্ষায় পদার্থবিজ্ঞান,
গণিত এবং রসায়ন শাস্ত্রের
প্রত্যেকটিতে কমপক্ষে ৫০% নম্বর
এবং গড়ে উল্লিখিত তিনটি বিষয়ে
৫৫% নম্বর পাইতে হইবে।
পক্ষান্তরে উপরোক্ত অন্যান্য তিনটি
শিক্ষা প্রতিষ্ঠানের ভর্তি নিয়ম
অনুযায়ী ১৯৮০ সনের উচ্চ
মাধ্যমিক পরীক্ষায় প্রার্থীর উল্লি-
খিত তিনটি বিষয়ের প্রত্যেকটিতে
৪৫% নম্বর এবং গড়ে ৫৫%
থাকিলেই ভর্তির আবেদনপত্র
গ্রহীত হইবে। প্রসংগত উল্লেখ-
যোগ্য যে, গত বৎসর চট্টগ্রাম
প্রকৌশল মহাবিদ্যালয় অন্যান্য
শিক্ষা প্রতিষ্ঠানের গায় উচ্চ
মাধ্যমিক পরীক্ষার ফলাফল
সম্পর্কিত অনুরূপ শর্ত প্রদান
করিয়াছিলেন। কিন্তু এবারের
এই অসংগতির কারণ বোধগম্য
নহে। ইহাতে চট্টগ্রাম এবং
আশেপাশের অনেক প্রার্থী
চট্টগ্রাম প্রকৌশল মহাবিদ্যালয়ে
ভর্তির আবেদন জমা দিতে ব্যর্থ
হইবেন। বিশেষ করিয়া দরিদ্র
প্রার্থীগণ, যাহাদের দূরে অর্থাৎ
রাজশাহী, খুলনা এবং ঢাকায়
ভর্তি পরীক্ষা দেওয়া বা পড়াশুনা

করার সংগতি নাই, তাহার উচ্চ
শিক্ষা হইতে বঞ্চিত হইবেন যাহা
কাহারোই অভিপ্রেত নয়।

তাই কৃতজ্ঞতার নিকট
আবেদন, চট্টগ্রাম প্রকৌশল মহা-
বিদ্যালয়ে অন্যান্য প্রকৌশল
শিক্ষা প্রতিষ্ঠানের মত উচ্চমাধ্য-
মিক পরীক্ষায় উপরোক্ত বিষয়ে
আলাদাভাবে ৪৫% নম্বরপ্রাপ্ত
প্রার্থীদের ভর্তি পরীক্ষায় অংশ
গ্রহণ করার সুযোগদান করা
হউক।

—সাহাবউদ্দিন আহাম্মদ,
সি. এম. ই. অফিস, বাংলাদেশ
রেলওয়ে, চট্টগ্রাম।